অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/2/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্বাস্থ্যসেবার অ্যাক্সেস এবং মাতৃত্বকালীন স্বাস্থ্যের সমর্থন সম্প্রসারিত করতে বিধিমালায় স্বাক্ষর করলেন

বিধিমালা S.201/A.2656 গর্ভবতী মহিলাদের জরিমানা ছাড়াই স্বাস্থ্য বীমা পলিসিতে নাম লেখানোর অনুমতি প্রদান করে

বিধিমালা S.1965-A/A.3865-A নির্দিষ্ট স্বাস্থ্য বীমা প্রদানকারীদের জন্য প্রাকপ্রসব ভিটামিনকে আওতাভুক্ত করা আবশ্যিক করে

বিধিমালা S.6674-A/A.7790-A মানব দাতার দুধের জন্য বীমার আওতার আবশ্যিকতা সম্প্রসারণ করে

প্রথম সবেতন প্রাকপ্রসব যত্নের জন্য ছুটির নীতিমালা দ্বারা নিউ ইয়র্ক দেশকে নেতৃত্ব দিচ্ছে, 1 জানুয়ারি থেকে কার্যকর হবে

গভর্নর ক্যাথি হোকল গর্ভাবস্থার সময় ও পরবর্তীতে নারীদের স্বাস্থ্যের জন্য আওতা সম্প্রসারিত করে বিধিমালায় স্বাক্ষর করেছেন। এই বিলটি স্বাক্ষর করা হলো মাতৃত্বকালীন স্বাস্থ্যকে সমর্থন করার ব্যাপারে গভর্নর হোকলের প্রতিশ্রুতির অনুবর্তী, যার মধ্যে রয়েছে দেশের প্রথম সবেতন প্রাকপ্রসব ছুটি, ধাত্রী সেবা পাওয়ার সুযোগ সম্প্রসারণ করা, এবং প্রাকপ্রসব যত্নকে নিউ ইয়র্কবাসীর জন্য আরো সাশ্রয়ী করা।

"আমাদের স্টেটে প্রত্যেক হবু মায়ের কাছে যাতে কোনো প্রতিবন্ধকতা বা বিলম্ব ছাড়া স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করতে আমরা আরো একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছি," **গভর্নর হোকল বলেন।** "এই বিধিমালাটি নিউ ইয়র্কবাসীকে মাতৃত্বকালীন স্বাস্থ্যসেবার শীর্ষে রাখার এবং পরিবারসমূহকে তাদের প্রাপ্য সমর্থন প্রদান করার প্রতিশ্রুতিকে তুলে ধরে।"

বিধিমালা S.201/A.2656 গর্ভবতী মহিলাদেরকে যেকোনো সময় জরিমানা ছাড়াই স্বাস্থ্য বীমা পলিসিতে নাম লেখানোর অনুমতি প্রদান করে। বিধিমালাটি গর্ভাবস্থার কারণে বিশেষ নাম লেখানোর জন্য ফি গ্রহণ করা থেকে বাণিজ্যিক স্বাস্থ্য রক্ষণাবেক্ষণ সংগঠনগুলিকে নিষিদ্ধ করে।

স্টেটের সিনেটর কর্ডেল ক্লিয়ার বলেন, "গর্ভবতী ব্যক্তিরা যাতে জরিমানা ছাড়াই স্বাস্থ্য বীমার অ্যাক্সেস পেতে পারে তা নিশ্চিত করার মাধ্যমে মাতৃত্বকালীন স্বাস্থ্য উন্নত করার ব্যাপারে একটি অত্যাবশ্যকীয় পদক্ষেপের প্রতিনিধিত্ব করে আমার বিল। নাম লেখানোর প্রতিবন্ধকতা অপসারণ, এই অতি গুরুত্বপূর্ণ সময়ে নিজেদের স্বাস্থ্য ও সুস্থতাকে অগ্রাধিকার প্রদান করতে নারীদের ক্ষমতায়ন, ইতিবাচক গর্ভাবস্থার ফলাফলের জন্য অত্যাবশ্যকীয়। সিনেট এবং অ্যাসেম্বলি যে সর্বসম্মতভাবে এই বিধিমালাকে অনুমোদিত করেছে, এবং গভর্নর এটিকে আইন হিসেবে স্বাক্ষর করেছে তার জন্য আমি অতি আনন্দিত।"

অ্যাসেম্বলির সদস্য ল্যাট্রিস ওয়াকার বলেন, "A.2656 এর আমি গর্বিত অ্যাসেম্বলির স্পন্সর, যা গর্ভবতী নারীদেরকে যেকোনো সময় জরিমানা ছাড়াই স্টেটের স্বাস্থ্য এক্সচেঞ্জে নাম লেখানোর অনুমতি প্রদান করবে। এই বিলটি স্বাক্ষর হওয়া একজন মা হিসেবে আমার জন্য গুরুত্বপূর্ণ এবং এটি সকল নিউ ইয়র্কবাসীর কাছে একটি স্পষ্ট বার্তা প্রেরণ করে যে আমেরিকাতে, বিশেষ করে কৃষ্ণাঙ্গ নারীদের মধ্যে ক্রমবর্ধমান মৃত্যুহারের মোকাবেলা করতে স্টেট প্রতিশ্রুতিবদ্ধ। নিউ ইয়র্ক স্টেটে মাতৃত্বকালীন ফলাফল উন্নত করার প্রয়াসে তাদের নেতৃত্বের জন্য আমার সহকর্মীবৃন্দ এবং গভর্নর হোকলকে ধন্যবাদ। গর্ভাবস্থা আনন্দ এবং ইতিবাচকতার একটি সময়, স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ সম্পর্কিত উদ্বেগের নয়।"

বিধিমালা S.1965-A/A.3865-A একজন স্বাস্থ্যসেবার প্র্যাকটিশনিয়ার কর্তৃক প্রেস্ক্রাইব করা প্রাকপ্রসব ভিটামিন আওতাভুক্ত করা নিউ ইয়র্ক স্টেটের বাণিজ্যিক স্বাস্থ্য বীমা প্রদানকারীদের জন্য আবশ্যক করে।

স্টেটের সিনেটর জোসেফ পি আডাবো জুনিয়র বলেন, "এই বিধিমালাটি একটি গুরুত্বপূর্ণ ব্যবস্থা যা নিশ্চিত করে যে প্রাকপ্রসব ভিটামিন বাণিজ্যিক স্বাস্থ্য বীমা প্রদানকারীদের আওতায় থাকবে, যা হবু মায়েদের অতি গুরুত্বপূর্ণ সমর্থন প্রদান করে। এই বিলটি স্বাক্ষর করার ব্যাপারে গভর্নর হোকলের সমর্থনের জন্য আমি কৃতজ্ঞ, যা নিউ ইয়র্ককে মাতৃত্বকালীন স্বাস্থ্যসেবার ক্ষেত্রে শীর্ষে রাখবে, সকল পরিবারের জন্য অ্যাক্সেস ও ক্রয়ক্ষমতা উন্নত করার ব্যাপারে গুরুত্বপূর্ণ অগ্রগতি করবে। একত্রে, আমরা আমাদের সন্তানদের জন্য আরো স্বাস্থ্যকর একটি ভবিষ্যৎ তৈরি করতে এবং আমাদের পুরো স্টেটের মায়েদের সুস্থতাকে সমর্থন করতে পারি।"

অ্যাসেম্বলির সদস্য আইলিন গান্থার বলেন, "এই বিলটি একজন নির্বাচিত কর্মকর্তা হিসেবে আমার দায়িত্বকালের একটি মুখ্য উদ্দেশ্যের উপর আলোকপাত করে: নারীদের স্বাস্থ্যসেবার উন্নয়ন। একজন নার্স হিসেবে কাজ করার সময় থেকেই এটি আমার একটি লক্ষ্য। এই বিলটি পাশ করানো, যা নিউ ইয়র্কের বাণিজ্যিক স্বাস্থ্য বীমা প্রদানকারীদের জন্য প্রাকপ্রসব ভিটামিনকে আওতাভুক্ত করা আবশ্যক করে, প্রদর্শন করে যে উভয় বিধানিক হাউজে আমার সহকর্মীবৃন্দ এবং গভর্নরের একই অগ্রাধিকার রয়েছে। একজন শিশুর জন্মের পূর্বের নয়মাস পরিবারের জন্য অতি গুরুত্বপূর্ণ, এবং মা ও পরিবারের কাছে যাতে তাদের প্রয়োজনীয় সংস্থান থাকে তা নিশ্চিত করতে একটি স্টেট হিসেবে আমাদের গুরুত্ব দিতে হবে। এটি পাশ করাতে তার সমর্থনের জন্য গভর্নর হোকলকে আমি ধন্যবাদ জানাতে চাই, এবং আমি আশা করছি যে আমরা মাতৃত্বকালীন স্বাস্থ্যসেবাকে অগ্রাধিকার প্রদান করা অব্যাহত রাখবো যাতে প্রত্যেক পরিবার একটি সন্তান পাওয়ার আশীর্বাদ উপভোগ করতে পারে।"

বিধিমালা S.6674-A/A.7790-A আউটপেশেন্ট ব্যবস্থায় মানব দাতার দুধের জন্য বীমার আওতার আবশ্যিকতাকে সম্প্রসারিত করে।

স্টেটের সিনেটর ব্র্যাড হোয়েলম্যান-সিগাল বলেন, "নতুন পিতামাতা, বিশেষ করে সময়ের পূর্বে জন্মানো শিশুর পিতামাতা এমনিতেই যথেষ্ট কাঠিন্যের সম্মুখীন হয়, তাদের সন্তানদের স্বাস্থ্যবান রাখতে বুকের দুধ পাওয়ার সুযোগ নিয়ে তাদেরকে দুশ্চিন্তা করতে হওয়া উচিত না। দুর্ভাগ্যবশত, বর্তমান পরিস্থিতি সেরকম নয় এবং সেজন্যই অ্যাসেম্বলির সদস্য সোলাজেস এবং আমি মানব দাতার দুধের জন্য বীমার আওতার আবশ্যিকতা সম্প্রসারিত করতে এবং শুধু ইনপেশেন্ট ব্যবহারের সময় আওতার আবশ্যিকতা অপসারণ করতে এই বিলটি (S.6674A) পাশ করেছি। স্তন্যপান করাতে সমস্যা হওয়া মা বা আমার স্বামী ডেভিড ও আমার মতো একই লিঙ্গের জুটি যারা গতানুগতিকভাবে নিজেদের সন্তানদের স্তন্যপান করাতে পারে না, সকল পিতামাতারই ব্যয় সম্পর্কে চিন্তা না করে নিজেদের সন্তানদেরকে তাদের প্রয়োজনীয় পুষ্টি প্রদান করার সক্ষমতা থাকা উচিত। সর্বদা আমাদের শিশুদের স্বাস্থ্যকে অগ্রাধিকার প্রদান করার জন্য সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্সের প্রতি এবং'নিউ ইয়র্কের প্রথম মা গভর্নর' হিসেবে নিজের সুনাম বজায় রাখা এ এই বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের প্রতি আমি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলির সদস্য মিশেল সোলাজেস বলেন, "গুরুত্বপূর্ণ এই বিধিমালা স্বাক্ষর করার ব্যাপারে গভর্নর হোকলের নেতৃত্বের জন্য আমি কৃতজ্ঞ, যা নিশ্চিত করবে যে পুরো নিউ ইয়র্কের পরিবারসমূহের কাছে মানব দাতার দুধের মতো জীবন রক্ষাকারী সংস্থান পাওয়ার সুযোগ থাকবে। নবজাতকের মৃত্যুহার মোকাবেলায় এবং মাতৃত্বকালীন স্বাস্থ্য উন্নত করতে আমরা আমাদের প্রয়াস অগ্রসর করছি, এই সময় দাতার দুধের জন্য বীমার আওতা সম্প্রসারিত করা একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ। এই বিধিমালাটি নিশ্চয়তা প্রদান করে যে দুর্বল নবজাতকেরা, বিশেষ করে যারা নিওন্যাটাল ইন্টেনসিভ কেয়ারে রয়েছে, তারা যেনো তাদের প্রয়োজনীয় অত্যাবশ্যকীয় পুষ্টি পেতে পারে। একত্রে, আমরা নবজাতকের যত্নে অসমতার সমাধান করা এবং প্রত্যেক শিশুকে সম্ভাব্য সবথেকে স্বাস্থ্যকর শুরু প্রদান করার ক্ষেত্রে হওয়া অগ্রগতিকে আরো অগ্রসর করছি।"

মাতৃত্বকালীন স্বাস্থ্যসেবার প্রতি স্টেটের প্রতিশ্রুতির উপর ভিত্তি করে গভর্নর হোকল এই বিধিমালা স্বাক্ষর করেন। নিউ ইয়র্ক এখন প্রাকপ্রসব যত্নের জন্য একটি সবেতন পারিবারিক ছুটির কর্মসূচি তৈরি করা দেশের প্রথম স্টেট। এছাড়াও গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, এসেন্সিয়াল প্ল্যান (Essential Plan) বা কোয়ালিফাইড হেলথ প্ল্যানের (Qualified Health Plans) অন্তর্ভুক্ত নিউ ইয়র্কবাসীদের জন্য নির্দিষ্ট গর্ভাবস্থা সম্পর্কিত বেনিফিটের জন্য নিজস্ব ব্যয় নির্মূল করার মাধ্যমে এক মিলিয়নের বেশি নিম্ব আয়ের বাসিন্দাদের জন্য নিউ ইয়র্ক প্রাকপ্রসব যত্নকে আরো সাশ্রয়ী করেছে। এছাড়াও গভর্নর হোকল স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ডকে একটি স্থায়ী আদেশ জারি করার নির্দেশ দিয়েছেন যা করা প্যারেন্টের জন্য অতি প্রয়োজনীয় ধাত্রী সেবা পাওয়ার সুযোগ সম্প্রসারণ করবে। 10 জুন, 2024 তারিখে স্থায়ী আদেশটি জারি করা হয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন